



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



প্রধানমন্ত্রী  
বাণী

প্রধানমন্ত্রী  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৯ জ্যৈষ্ঠ ১৪১৭

১২ জুন ২০১০

বিশ্বের অন্যান্য দেশের মত ১২ই জুন ২০১০ বাংলাদেশেও নবম বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস পালন করা হচ্ছে জেনে আমি আনন্দিত।

সকল শিশুর স্বার্থ রক্ষার জন্য বাংলাদেশ সরকার ইতোমধ্যেই জাতিসংঘ শিশু অধিকার সনদ এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন সম্পর্কিত আইএলও কনভেনশন অনুসমর্থন করেছে।

এছাড়াও ১৪ বছর বয়সের নীচে কোন শিশুকে কোন প্রকার কাজে নিয়োগ এবং ১৮ বছর বয়সের নীচে কোন কিশোর-কিশোরীকে ঝুঁকিপূর্ণ শ্রমে নিয়োগ নিষিদ্ধ করা হয়েছে।

বর্তমান সরকার জিডিপি ২.৫ শতাংশ সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচিতে ব্যয় করছে-যা শুধু হতদরিদ্র মানুষের দারিদ্র দূরীকরণেই ভূমিকা রাখছে না, একইসঙ্গে এসব কর্মসূচি ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসনেও ব্যাপক ভূমিকা রাখছে।

এসবের পাশাপাশি মানসম্মত শিক্ষা এবং স্বাস্থ্য কর্মসূচি নিশ্চিত করার জন্যও বিভিন্ন কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে এবং এ উদ্দেশ্যে সরকার জিডিপি প্রায় ২ শতাংশ ব্যয় করছে।

আমি সংশ্লিষ্ট সকল সরকারী প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থাসমূহ, শ্রমিক ও মালিকদের সংগঠনসমূহ এবং বাংলাদেশের সকল নাগরিককে শিশুদের প্রতি সংবেদনশীল হওয়ার আহ্বান জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা